



বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয় 'কৃষি ব্যাংক ভবন'

৮৩-৮৫, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০।

কৃষি ও পল্লী ঋণ বিভাগ

www.krishibank.org.bd

পত্র নং-বিকেবি-প্রকা/কৃপবি-৩৬৪/২০২৩-২০২৪/৬৯৫

তারিখঃ ২৭ মে, ২০২৪

মহাব্যবস্থাপক, বিভাগীয় কার্যালয়সমূহ/স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা।

উপমহাব্যবস্থাপক, কর্পোরেট শাখাসমূহ।

সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক।

সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)

বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয় : ডাল, তৈলবীজ, মসলা জাতীয় ফসল ও ভুট্টা চাষের জন্য ৪% রেয়াতী সুদ হারে ২০২৩-২০২৪ অর্থ বছরের কৃষি ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা শতভাগ অর্জন প্রসঙ্গে।

মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ কর্তৃক জারীকৃত পত্র নং-প্রকা/শানিব্যউবি-১(৪)কৃষি/২০২৩-২০২৪/৩৮৫, তারিখঃ ২৬/০৯/২০২৩ এর প্রতি সদয় দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। দেশে ডাল, তৈলবীজ, মসলা জাতীয় ফসল ও ভুট্টার প্রচুর চাহিদা থাকা সত্ত্বেও উৎপাদন সে অনুযায়ী যথেষ্ট নয় বিধায় এসব পণ্য আমদানী বাবদ প্রতি বছর প্রচুর বৈদেশিক মুদ্রা ব্যয় হয়। এ সকল ফসল বিদেশ হতে আমদানী নির্ভরতা কমানোর লক্ষ্যে কৃষকগণকে এ খাতে উৎপাদন বাড়ানোর উৎসাহ প্রদানের জন্য বাংলাদেশ ব্যাংক কর্তৃক ৪% রেয়াতী সুদ হারে ঋণ বিতরণের নির্দেশনা প্রদান করা হয়েছে।


২০২৩-২০২৪ অর্থ বছরের কৃষি ও পল্লী ঋণ নীতিমালা ও কর্মসূচি এর অনুচ্ছেদ নং ৩.১.১৭.১ এর উপ-অনুচ্ছেদ নং ২(খ) এর মাধ্যমে ৪% রেয়াতী সুদ হারে মোট কৃষি ঋণ বিতরণের লক্ষ্যমাত্রার ১% আমদানী বিকল্প ফসল খাতে বিতরণ লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়। ৩০/০৪/২০২৪ তারিখ ভিত্তিক বিভাগওয়ারী ঋণ বিতরণের সার্বিক অবস্থা নিম্নরূপঃ (কোটি টাকায়)

ক্রঃ নং	বিভাগীয় কার্যালয়	২০২৩-২০২৪ অর্থবছরে ৪% রেয়াতী সুদ হারে ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা ও অর্জন			
		ঋণ বিতরণ লক্ষ্যমাত্রা	অর্জন	অর্জনের হার	লক্ষ্যমাত্রার অবশিষ্ট অংশ
১	ঢাকা	১৫.০১	৪.৫৩	৩০%	১০.৪৮
২	ময়মনসিংহ	১০.৯৯	১.৮৭	১৭%	৯.১২
৩	চট্টগ্রাম	১০.৯৪	২.৭১	২৫%	৮.২৩
৪	খুলনা	১৬.৫৯	৪.৭৯	২৯%	১১.৮০
৫	বরিশাল	১২.৯৬	৩.৩৮	২৬%	৯.৫৮
৬	সিলেট	৭.১২	০.৬৮	১০%	৬.৪৪
৭	কুমিল্লা	১০.৯০	২.৫০	২৩%	৮.৪০
৮	ফরিদপুর	১১.৪০	৯.৩৫	৮২%	২.০৫
৯	কুষ্টিয়া	১২.৮৯	৪.৫৫	৩৫%	৮.৩৪
১০	এলপিও	১.২০	-	-	১.২০
মোট-		১১০.০০	৩৪.৩৬	৩১%	৭৫.৬৪

উপরোক্ত সারণী পর্যালোচনায় দেখা যায় ২০২৩-২০২৪ অর্থবছরের ১১০.০০ কোটি টাকা ঋণ বিতরণ লক্ষ্যমাত্রার বিপরীতে ৩০/০৪/২০২৪ তারিখ পর্যন্ত ঋণ বিতরণ করা হয়েছে ৩৪.৩৬ কোটি টাকা যা লক্ষ্যমাত্রার ৩১% এবং কোন বিভাগেই কাঙ্ক্ষিত লক্ষ্যমাত্রা অর্জন হয়নি। ডাল, তৈলবীজ, মসলা জাতীয় ফসল ও ভুট্টা চাষের জন্য ৪% রেয়াতী সুদ হারে যে সকল ফসলে কৃষি ঋণ বিতরণ করা হয় তন্মধ্যে বাংলাদেশ ব্যাংক এর কৃষি ও পল্লী ঋণ নীতিমালার ফসল উৎপাদনের নিয়মাচার অনুযায়ী মাসকলাই(খরিপ) বিতরণকাল ১৫ মে হতে ১৪ জুলাই, আদা এর বিতরণকাল ১লা নভেম্বর হতে ৩০ জুন এবং মরিচ সারা বছর বিতরণ করা যায়। ৩০ জুন, ২০২৪ তারিখের মধ্যে লক্ষ্যমাত্রার শতভাগ অর্জনের নিমিত্ত বাংলাদেশ ব্যাংক এর কৃষি ও পল্লী ঋণ নীতিমালার সকল নিয়মাচার অনুসরণপূর্বক উক্ত খাতসমূহ সহ যে সকল খাতে ঋণ বিতরণের সুযোগ রয়েছে সে সকল খাতে ঋণ বিতরণের মাধ্যমে লক্ষ্যমাত্রা শতভাগ অর্জনের জন্য পরামর্শ প্রদান করা হলো।

০৩। এমতাবস্থায়, ২০২৩-২০২৪ অর্থবছরে ডাল, তৈলবীজ, মসলা জাতীয় ফসল ও ভুট্টা চাষের জন্য ৪% রেয়াতী সুদ হারে সংশ্লিষ্ট খাতের ঋণ বিতরণ লক্ষ্যমাত্রার শতভাগ অর্জনের জন্য বিভাগীয় মহাব্যবস্থাপকবৃন্দ এবং অঞ্চল প্রধানগণকে উক্ত বিশেষ ঋণ বিতরণ কার্যক্রম নিয়মিত মনিটরিংসহ প্রয়োজনীয় দিক-নির্দেশনা প্রদান করার জন্য অনুরোধ করা হলো।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত

(মোহাম্মদ মঈনুল ইসলাম)
উপমহাব্যবস্থাপক

ই-মেইলঃ dgmpdp@krishibank.org.bd

চলমান পাতা-০২


বিষয় : ডাল, তৈলবীজ, মসলা জাতীয় ফসল ও ভুট্টা চাষের জন্য ৪% রেয়াতী সুদ হারে ২০২৩-২০২৪ অর্থ বছরের কৃষি ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা শতভাগ অর্জন প্রসঙ্গে।

পত্র নং-বিকেবি-প্রকা/কৃপবি-৩৬৪/২০২৩-২০২৪/৬৯৫

তারিখঃ ২৭ মে, ২০২৪

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক-১, ২, ৩ মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৪। অধ্যক্ষ, বিকেবি, স্টাফ কলেজ, মিরপুর, ঢাকা।
- ০৫। উপমহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। (উপরোক্ত পত্রটি ব্যাংকের অফিসিয়াল ওয়েব সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।)
- ০৬। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়সমূহ।
- ০৭। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়সমূহ।
- ০৮। নথি/মহানথি।


(মোহাম্মদ শরিফুল ইসলাম)
সহকারী মহাব্যবস্থাপক